# সেপ্টেম্বর/২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ কমিটির মাসিক সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | আনোয়ারুল ইসলাম<br>চেয়ারম্যান,উপজেলা পরিষদ<br>কাউনিয়া, রংপুর। |
| তারিখ | ঃ | ২৫/০৯/২০২৩খ্রি.। |
| সময় ঃ | | দুপুর ১২:০০ ঘটিকা । |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ । |
| আলোচ্য মাস: | ঃ | আগস্ট/২০২৩খ্রি. । |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "খ"

সভার শুরুতেই চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি, উপজেলা পরিষদ কমিটির মাসিক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করনে এবং সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন।

উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুর সভায় গত ২৪/০৮/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধন, বিয়োজন বা সংযোজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর অদ্যকার সভার নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

স্থায়ী কমিটির সভা সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত :

| ক্র:নং | আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১. | স্থায়ী কমিটির নিয়মিত সভা সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত : | উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, উপজেলায় ১৭টি স্থায়ী কমিটি রয়েছে। উপজেলা ভাইস চেয়ারম্যানগণের সভাপতিত্বে প্রতি ২ মাস অন্তর ১টি করে সভা আহবান করার বিধান রয়েছে। কিন্তু স্থায়ী কমিটির সভা অনুষ্ঠানের বিষয়ে কোন তথ্য পাওয়া যায় না। তিনি নিয়মিত স্থায়ী কমিটির সভা করার জন্য সংশ্লিষ্ট সকল বিভাগকে অনুরোধ করেন। | স্থায়ী কমিটির সভা নিয়মিত করে সংশ্লিষ্ট সকলকে সভার কার্যবিবরণী প্রেরণ করার জন্য অনুরোধ করেন। | স্থায়ী কমিটি সংশ্লিষ্ট সকল বিভাগ । |
| ০২. | ইউনিয়ন/ওয়ার্ড সভা সম্পর্কিত আলোচনা । | ইউনিয়ন/ওয়ার্ড কমিটির সভা সম্পর্কিত বিষয়ে আলোচনা হয়। উপস্থিত সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জানান যে, বিধি অনুযায়ী ইউনিয়ন ও ওয়ার্ড সভা অনুষ্ঠিত হচ্ছে। কোন ইউপি থেকে সভার কার্যবিবরণী পাওয়া না যাওয়ায় উপজেলা নির্বাহী অফিসার দুঃখ প্রকাশ করেন। তিনি ইউনিয়ন কমিটির সভার কার্যবিবরণী প্রতিমাসে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | উপজেলা পরিষদ সভা অনুষ্ঠানের পূর্বে ইউনিয়ন কমিটির সভার কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের জন্য সকল চেয়ারম্যানকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান ও ইউপি/সচিব (সকল)কাউনিয়া, রংপুর। |
| ৩. | উপজেলার ইউনিয়ন পরিষদে UDC গুলির আয়ের তথ্য আপলোড এবং ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করন: | হারাগাছ পৌরসভা ও সকল ইউনিয়ন পরিষদ সমূহের UDC গুলির তথ্য বিষয়ে চেয়ারম্যানগণের নিকট জানতে চাওয়া হলে তাঁরা জানান UDC গুলির কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | হারাগাছ পৌরসভা ও ইউনিয়ন পরিষদ সমূহের UDC গুলো তদারকি করার জন্য মেয়র, হারাগাছ পৌরসভা ও সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট সকল |

সভাপতির আহবানে উপস্থিত জনপ্রতিনিধিগণ পর্যায়ক্রমে নিম্নোক্তভাবে তাদের বক্তব্য পেশ করেন।

১। জনাব মো: আব্দুল মজিদ চেয়ারম্যান কুর্শা ইউনিয়ন পরিষদ বলেন যে, সার্বজনিন পেনশন স্কীম বিষয়ে তিনি তার ইউনিয়নে ইতোমধ্যে সভা করেছেন। জনগণকে সার্বজনীন পেনশন স্কীম বিষয়ে উদ্বুদ্ধ করণসহ এর সুফল সম্পর্কে ধারণা দেয়া হচ্ছে, জন্ম-মৃত্যু রেজিস্ট্রেশন চলছে সরকার প্রদত্ত টার্গেট অর্জিত হবে। তিনি আরো বলেন যে, তার ইউনিয়নে পানি নিষ্কাশনের ড্রেনের কাজ চলছে। উক্ত কাজে যাতে বিঘ্ন সৃষ্টি না হয় সে বিষয়ে তিনি সংশিষ্ট সকলের সহযোগীতা কামনা করেন। তিনি সভায় আরো বলেন যে তার ইউনিয়ন পরিষদের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

২। চেয়ারম্যান, হারাগাছ ইউপি তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন।

৩। চেয়ারম্যান, টেপামধুর ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, আলু মৌসুম আসন্ন। তিনি আলু চাষে সংশ্লিষ্ট সকল সার যাতে আলু চাষীরা সহজে পান সে জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

৪। চেয়ারম্যান, সারাই ইউপি সভায় জানান যে,তার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি বলেন যে, তার ইউনিয়নে ৯০% জমিতে আলু চাষ হয়। তার ইউনিয়নে মাত্র ১ জন সার ডিলার। সকল আলু চাষী যাতে চাহিদা মাফিক সার সময়মত পায় সেজন্য আর ১ জন সার ডিলার নিয়োগসহ সকলের সহযোগিতা কামনা করেন।

৫। চেয়ারম্যান, শহীদবাগ ইউপি সভায় বলেন যে, জলাবদ্ধতা তার ইউনিয়নে বড় ধরণের সমস্যা। জলাবদ্ধতার কারণে ইতোমধ্যে অনেক জমির ফসল নষ্ট হয়েছে। তিনি এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্ত ঃ সকল জনপ্রতিনিধি আলোচ্য বিষয়ের উপর বিধি মোতাবেক সংশিষ্ট সকল দপ্তর প্রধানগণ বিষয়ের উপর গুরুত্ব সহকারে নিতে হবে এবং আগামী সভায় সেবিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে সভায় আলোচনা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৬। ভাইস চেয়ারম্যান, জনাব মো: আব্দুর রাজ্জাক, বলেন যে, উপজেলার হাট-বাজার গুলির ১৪২৯ ও ১৪৩০ ০২ বছর হতে উন্নয়ন হয়নি। তিনি সভাপতি/ চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারকে হাট-বাজার সমূহের উন্নয়নের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান, তিনি বলেন কাউনিয়া উপজেলায় বালু মহল নেই, ফলে বিভিন্ন এলাকায় অবৈধভাবে বালু উত্তোলিত হচ্ছে। তিনি বৈধভাবে বালু উত্তোলনের ব্যবস্থা করে নদীর নাব্যতা ফিরিয়ে আনা সম্ভব বলে সভায় মত প্রকাশ করেন।

বিভাগ ওয়ারি আলোচনা :

১.উপজেলা স্বাস্থ্য বিভাগ:

| ক্র:নং | আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | আগষ্ট/২০২৩ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক চলছে। স্বাস্থ্য কমপ্লেক্সে ওটি চালু আছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম ভালো চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

২.উপজেলা কৃষি বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ২. | আগষ্ট/২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা কৃষি অফিসার বলেন যে,<br>১. সার :আগামী রবি মৌসুমে আবাদের জন্য পর্যাপ্ত সারের বরাদ্দের রয়েছে। তাছাড়া অতিরিক্ত বরাদ্দের জন্য পত্র প্রেরণ করা হয়েছে।<br>২.তেল ফসলের আবাদঃ চলমান রয়েছে।<br>৩ঃ চরের প্রণোদনা : চরএলাকায় উপজেলা পরিষদের সহায়তায় মিষ্টি কুমড়া চাষের পাশাপাশি তরমুজ চাষে কৃষকদের আগ্রহী হওয়ায় উক্ত বিষয়ে পরিকল্পনা গ্রহণ করা প্রয়োজন।<br>৪.প্রণোদনাঃ আগামী রবি মৌসুমে প্রণোদনার ধান,সরিষা,ভুট্টা,পিঁয়াজ,চিনাবাদাম চাষে চাষিদের তালিকা করণ কাজ চলমান।<br>৫.মাঠে দন্ডায়মান ফসলের রিপোর্ট তৈরীর কাজ চলমান। | সভায় আলোচনান্তে সিদ্ধান্ত সমূহঃ<br>১.রবি মৌসুমে বোরো ফসলঃ অতিরিক্ত সারের ব্যবস্থা রাখতে হবে।<br>২.তেলের ফসল বৃদ্ধির লক্ষ্যে কৃষকদের সর্বাত্বক সহযোগিতা করতে হবে।<br>৩. চরের প্রণোদনাঃ চরএলাকায় ধান,সরিষা, ভুট্টা, পিঁয়াজ,চিনাবাদাম চাষে চাষিদের জন্য উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে প্রণোদনা লক্ষ্যে আনুমানিক ১৫.০০ লক্ষ টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪. আগামী রবি মৌসুমে প্রণোদনার ধান, সরিষা, ভুট্টা,পিঁয়াজ,চিনাবাদাম চাষে চাষিদের তালিকা আগামী সভায় জমা করতে হবে।<br>৫. চাষিদের তালিকা আগামী সভায় পূর্বে জমা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ও উপজেলা পরিষদ সভার সম্মানিত সভাপতি, উপজেলা নির্বাহী অফিসার, কৃষি অফিসার ও উপজেলা প্রকৌশলী, কাউনিয়া, রংপুর। |

৩. উপজেলা প্রাণী সম্পদ বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | আগস্ট/২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা প্রাণী সম্পদ অফিসার বলেন যে, দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক আছে। তিনি বলেন যে, উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে ক্ষুরা রোগের টিকা প্রাপ্তির পর ক্ষুরা রোগের টিকা প্রাণীদের মাঝে বিনামূল্য প্রয়োগ করা হয়েছে। বর্তমানে ক্ষুরা রোগের নতুন প্রাদুর্ভাব আর দেখা যায়নি। এছাড়া অন্যান্য রোগ নিয়ন্ত্রণ রয়েছে। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলার ক্ষুরা রোগ ও Lumpy Skin Disease নিয়ন্ত্রণ রাখার জন্য সর্বাত্বক সচেষ্ট থাকতে হবে। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

৪. মৎস্য বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | আগস্ট/২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা মৎস্য অফিসার বলেন যে, ২০২৩-২০২৪ রাজস্ব বাজেটের আওতায় বিভিন্ন প্রতিষ্ঠানিক ও বরোপিট জলাশয়ে ২২৮.৬ কেজি দেশীয় প্রজাতিরসহ রুই জাতীয় মাছ অবমুক্ত করা হয়। মৎস্য আইন মোতাবেক বিভিন্ন জলাভূমি হতে চায়না রিং জাল জব্দ করে আগুনে পুড়ে বিনষ্ট করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার, কাউনিয়া, রংপুর। |

৫. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ

<table>
<tr><td>৫.</td><td>আগস্ট/২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা</td><td>
<table>
<tr><td>মাসের নাম</td><td colspan="3">অস্থায়ী পদ্ধতি</td><td colspan="2">দীর্ঘমেয়াদী পদ্ধতি</td><td colspan="2">স্থায়ী পদ্ধতি</td><td>সর্বমোট</td></tr>
<tr><td></td><td>খাবার বড়ি</td><td>কনডম</td><td>ইনজেকটেবলস</td><td>IUD</td><td>ইমপ্ল্যানন</td><td>পুরুষ</td><td>মহিলা</td><td></td></tr>
<tr><td>আগস্ট/২০২৩</td><td>৫৯১</td><td>৭৭</td><td>১১৬</td><td>০৭</td><td>৬৩</td><td>০৩</td><td>০৩</td><td>১৪৬০</td></tr>
</table>
১। করোনা দুর্যোগকালীন UH@FWC/ গুলোতে স্বাভাবিক সেবার সাথে সাথে করোনা প্রতিরোধে স্বাস্থ্য সচেতনতামূলক বিশেষ ব্যবস্থাসহ ২৪/৭ স্বাভাবিক প্রসব সেবা অব্যাহত আছে।<br>
২। বাড়ি বাড়ি পরিদর্শনের সময় নিজস্ব নিরাপত্তা নিশ্চিত করাসহ পরিবার পরিকল্পনা পদ্ধতির উপকরণ বিতরণ ও জনগণকে সচেতন করতে সকল পরিবার কল্যাণ সহকারি ওয়ার্ড পর্যায়ে ও পরিবার পরিকল্পনা পরিদর্শক ইউনিয়ন পর্যায়ে ভূমিকা পালন করছেন।<br>
৩। করোনা প্রতিরোধে সরকার কর্তৃক অর্পিত যেকোন দায়িত্ব যথাযথভাবে পালনের তাগিদ প্রদান করা হয়েছে ।<br>
৪। আবাসন/আশ্রয়ন/গুচ্ছগ্রাম- এ এফপিআই,এফডাব্লিউ ভি ও এফ ডাব্লিউ এ কর্তৃক প্রতিমাসে কার্যক্রম চালু রয়েছে।<br>
৫। বিভাগীয় মাসিক সমন্বয় সভায় দাপ্তরিক দিক নির্দেশনা প্রদান করা হয়েছে।
</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার কাউনিয়া, রংপুর।</td></tr>
</table>

৬.উপজেলা প্রকৌশল বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ৬ | আগস্ট/২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে এডিপি ১ম কিস্তি ২২.২৫ হাজার টাকা বরাদ্দ পাওয়া গেছে।২০২৩-২০২৪ অর্থ বছরে এডিপি এবং রাজস্ব উন্নয়ন তহবিল(ইউডিএফ) প্রকল্প গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে প্রকল্প দাখিলের জন্য অনুরোধ করেন।<br>২.উপজেলা নির্বাহী অফিসার কাউনিয়ার বাস ভবনটি পরিত্যাক্ত (কনডেম) ঘোষণার জন্য প্রাক্কলণ প্রস্তুত করা হয়েছে।<br>৩. ২০২৩-২০২৪ অর্থ বছরে 4DB এর Ics মহিলা নির্বাচন করতে হবে।<br>৪.তিনি আরো জানান যে, কাউনিয়া থানার পুকুর পাড়ে ধ্বসে গেছে প্রাচীর বাচাতে গিয়ে গাইড ওয়াল নির্মাণ আশু প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা এর ২০২৩-২০২৪ অর্থ বছরে এডিপি এবং রাজস্ব উন্নয়ন তহবিলের প্রকল্প গ্রহণের জন্য সকল জনপ্রতিনিধিকে প্রকল্প দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. উপজেলা নির্বাহী অফিসার কাউনিয়ার বাস ভবনটি কনডেম ঘোষণার জন্য বিবিধ আলোচনা কার্যকর হবে।<br>৩. ২০২৩-২০২৪ অর্থ বছরে 4DB এর Ics মহিলা নির্বাচন লটারীর মাধ্যমে বাছাই করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪. কাউনিয়া থানার পুকুর পাড়ে গাইড ওয়াল নির্মাণের জন্য প্রাক্কলণ প্রস্তুত করে আরএফকিউ মাধ্যমে প্রকল্প বাস্তবায়ন ও উপজেলা উন্নয়ন তহবিল (ইউডিএফ) হতে ব্যয় মিঠানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ,উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী,কাউনিয়া, রংপুর। |

৭.উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ৭ | আগস্ট/২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, তাঁর দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কাউনিয়া, রংপুর। |

৮.উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | আগস্ট/২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা শিক্ষা অফিসার বলেন যে, উপজেলা শিক্ষা বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার কাউনিয়া, রংপুর |

৯. উপজেলা সমাজসেবা বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯. | আগস্ট/২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে সামাজিক নিরাপত্তা কর্মসূচী ভূক্ত ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন কার্যক্রম চলমান। মোট ভাতাভোগী ২৪১৭২ জন মধ্যে ইতোমধ্যে লাইভ ভেরিফিকেশনের আওতায় প্রযোজ্য ২১৮০৫ জন, এবং ৩১২ জন মৃত:। বাকী ২০৫৫ জনের তথ্য দ্রুততার সাথে দেওয়ার জন্য সংশিষ্ট সকল ইউপি চেয়ারম্যানগণকে সার্বিক সহযোগিতার করার জন্য অনুরোধ জানানো হয়। আগামী ৩০ নভেম্বর এর আগে ২০৫৫ জনের তথ্য দেয়া না হলে তাদের ভাতা বাতিল করার নির্দেশনা পাওয়া গেছে। নতুন ভাতাভোগী যাচাই-বাছাই ইউনিয়ন পর্যায়ে কবে থেকে শুরু হবে মন্ত্রণালয়ের নির্দেশনা পাওয়া মাত্র জানানো হবে। | লাইভভেরিফিকেশন কাজে সকল ইউপি চেয়ারম্যানসহ সংশিষ্ট সকলকে সহযোগিতার জন্য অনুরোধ করা হয়। | চেয়ারম্যান,ও সংশিষ্ট সকল, উপজেলা সমাজ সেবা অফিসার ,কাউনিয়া, রংপুর। |

১০.উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১০. | আগস্ট/২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার জানান, ২৩/২৪ অর্থ বছরের টিআর /কাবিটা প্রকল্পের জন্য সংশ্লিষ্ট ইউ.পি চেয়ারম্যানের পত্র নেয়া হয়েছে। অতএব টিআর, কাবিটা, সকল ইউপি প্রকল্পের তালিকা প্রেরন করার জন্য অনুরোধ করেন। অতি বৃষ্টি জনিত কারণে এ উপজেলার বিভিন্ন আশ্রয়ন প্রকল্পে পানি জমে বসবাসের সমস্যা হচ্ছে। চেয়ারম্যানগণকে টি,আর ও কাবিটা প্রকল্পের মাধ্যমে প্রকল্পের গ্রহনের মাধ্যমে জলাবদ্ধতা নিরসন করার জন্য অনুরোধ করেন। | আলোচনান্তে আশ্রয়ণ-২ প্রকল্পের নির্মাণকৃত টিআর/ কাবিটা বরাদ্দ হতে পর্যায়ক্রমে যেখানে প্রযোজ্য জলাবদ্ধতা দূরীকরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ,উপজেলা নির্বাহী অফিসার ও প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

১১. উপজেলা মহিলা বিষয়ক বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | আগস্ট/২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় উপস্থিত হলেও কোন কার্যপত্র প্রেরণ করা হয়নি। | আগামী সভায় বিভাগের কোন গুরুত্বপূর্ণ আলোচনা থাকলে সভার পূর্বে কার্যপত্র ইউএনও অফিসের মেইলে প্রেরণ করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার কাউনিয়া, রংপুর। |

১২. উপজেলা যুব উন্নয়ন বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | আগস্ট/২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজলো যুব উন্নয়ন কর্মকর্তা সভার জানান যে, চলতি ২০২৩-২০২৪ অর্থ বছর আগস্ট/২৩ মাসে ৩০ জন যুবক/যুব মহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া তিনি আরো জানান যে, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ০২জনে প্রশিক্ষণার্থীকে ১,২০,০০০/-টাকা যুব ঋণ প্রদান করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার কাউনিয়া, রংপুর। |

১৩. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩। | আগস্ট/২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। সুফলভোগী সদস্যদের প্রশিক্ষণ ও ঋণ বিতরন কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। দল গঠণ ও সদস্য অন্তর্ভুক্তি চলমান রয়েছে। কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণ ও সঞ্চয় জমা কার্যক্রম চলমান। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কাউনিয়া, রংপুর। |

১৪. উপজেলা সমবায় বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪. | আগস্ট/২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা সমবায় অফিসার বলেন যে,তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার কাউনিয়া, রংপুর। |

১৫. বন বিভাগ : :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫. | আগস্ট/২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা বন কর্মকর্তা এ উপজেলায় কর্মরত থাকলেও তিনি অসুস্থতা জনিত কারণে ঢাকা মেডিকেলে চিকিৎসাধীন রয়েছেন । তিনি সকলের নিকট দোয়া কামনা করেছেন। | উপজেলা বন কর্মকর্তার দ্রুত সুস্থতার জন্য সভায় মহান আল্লাহর নিকট দোয়া কামনা করা হয়। | উপজেলা বন কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

১৬. কাউনিয়া পল্লী বিদ্যুৎ সমিতি ঃ-

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬। | আগস্ট/২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | ডিজিএম কাউনিয়া পল্লী বিদ্যুৎ সমিতি, বর্তমানে বিদ্যুতের চাহিদা অনুযায়ী সবসময় বরাদ্ধ পাওয়া যাচ্ছেনা। এ জন্য অধিকাংশ সময় লোড ম্যানেজম্যান্ট ( লোড শেডিং ) এর মাধ্যমে বিদ্যুৎ বিতরন করা হচ্ছে । বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধান ও জনপ্রতিনিধিগনের সার্বিক সহযোগিতা কামনা করেন। | আলোচনান্তে বাণিজ্যিক/ আবাসিক অফিস সমূহের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য সকলকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশিষ্ট সকল ও উপজেলা কাউনিয়া পল্লীবিদ্যুৎ সমিতি-২, রংপুর। |

১৫. তথ্য কেন্দ্র :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮। | আগস্ট/২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা তথ্য আপা তথ্য কেন্দ্র বলেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়ে) এর তথ্যকেন্দ্র কাউনিয়া, রংপুরে এ বরাদ্দ না পাওয়ার কারণে উঠান বৈঠক কার্যক্রমটি বন্ধ আছে। তথ্য আপা এ্যাপের মাধ্যমে মহিলাদের স্বাস্থ্যসেবা যেমন, গ্লুকোজ পরিমান রক্তচাপ ও ওজন পরিমাপ করা হতো। যা সার্ভার জটিলতা কারণে কিছু দিন থেকে কাজের সমস্যা হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্য আপা তথ্য প্রকল্প অফিসার, কাউনিয়া, রংপুর। |

বিবিধ :

| | | | |
|---|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসাটি ঝুঁকিপূর্ণ ও বসবাস অযোগ্য হওয়ায় গত- ১৩/০৭/২০২৩খ্রি. তারিখে উপজেলা পরিষদ মাসিক সভায় কনডেম ঘোষণা করার সিদ্ধান্ত গৃহীত হলে উপজেলা প্রকৌশলী কর্তৃক বাসাটির প্রাক্কলণ প্রস্তুত করে এ কার্যালয়ে পত্র প্রেরণ করেছেন। সভায় তিনি ভবনটি কনডেম ঘোষণা বিষয়ে সভায় আলোচনা ও সিদ্ধান্তের জন্য পেশ করেন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনটি পরিষদ সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা প্রকৌশলী দাখিলকৃত প্রাক্কলণ অনুমোদিত হয়। উপজেলা প্রকৌশলী কর্তৃক দাখিলকৃত অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রাদি জেলা প্রশাসক রংপুর বরাবর পত্র প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী কাউনিয়া, রংপুর। |
| ২. | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, মুক্তিযোদ্ধা কমপ্রেক্স ভবনটি মুক্তিযুদ্ধ মন্ত্রণালয় কর্তৃক উপজেলার তকিপল বাজার সংলগ্ন ভবনটি নির্মিত হলেও অদ্যাবধি ব্যবহার না করায় জরাজীর্ণ অবস্থায় রয়েছে। বর্তমানে ভবনটি নিচতলা দোকান ও ২য় তলা বেসরকারি ব্যাংক ভাড়ার জন্য প্রচার করা হলে ভাড়া কার্যক্রম চলছে। কিন্তু এ মুহুর্তে ভবনটি পানির লাইন,বাথরুম ও পরিস্কার পরিচ্ছন্নতা করতে ব্যয়ের প্রয়োজন। মুক্তিযুদ্ধ মন্ত্রণালয় হতে কোন বরাদ্দ না থাকায় তিনি মেরামতের ব্যয় বিষয়ে সিদ্ধান্তের জন্য পেশ করেন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় আলোচনান্তে কাউনিয়া তকিপল বাজারে উপজেলা মুক্তিযোদ্ধা কমপেল্প ভবনটি সরকারিভাবে কোন বরাদ্দ না থাকার কারণে অস্থায়ীভাবে পরিস্কার ও পানির লাইন ও সচল করার জন্য উপজেলা প্রকৌশলী বিধি মোতাবেক মেরামতের ব্যবস্থা নিবেন। উক্ত মেরামত ব্যয় উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে ব্যয়ের টাকার চেকপ্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ,উপজেলা নির্বাহী অফিসার / উপজেলা প্রকৌশলী কাউনিয়া, থানা রংপুর। |
| ৩. | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা প্রকৌশলী ১১/০৯/২৩খ্রি. তারিখে ১০৪৩ নং স্মারকে নিম্নস্বাক্ষরকারী নিকট পত্রের জানানো যায় যে, রোড আইডি ১৮৫৪২৩০১৭ এবং ১৮৫৪২৫০৫৪ রাস্তা ০২টি বিটুমিন কার্পেটিং করার জন্য মাননীয় বাণিজ্য মন্ত্রী মহোদয় কর্তৃক ডিও প্রদান করেন সেপ্রেক্ষিতে এলজিইডি এর অধীনে পিআরডিভাটি-৩ প্রকল্প হতে বরাদ্দ পাওয়া গেছে। বর্তমানে রাস্তা দুটি সরেজমিনে পরিদর্শণকালে দেখা যায় যে, রাস্তা দুটি কিছু অংশ ত্রাণ ও দুর্যোগ মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয় হতে HBB করা হয়েছে। ফলে বিটুমিন কার্পেটিং এর জন্য HBB অপসারণ করা প্রয়োজন। তিনি সভায় সিদ্ধান্তের জন্য পেশ করেন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে রোড আইডি ১৮৫৪২৩০১৭ এবং ১৮৫৪২৫০৫৪ রাস্তা ০২টি বিটুমিন কার্পেটিং করার জন্য HBB এর ইট উপজেলা পরিষদ কর্তৃক পরিমাপ করে প্রকাশ্য নিলাম করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>HBB এর ইট পরিমাপের জন্য সহকারী কমিশনার (ভূমি), কাউনিয়া, রংপুরকে আহবায়ক করে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এবং সহকারী প্রকৌশলী, এলজিইডি, কাউনিয়া, রংপুরকে সদস্য করে একটি ০৩ (তিন) সদস্যবিশিষ্ট কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। কমিটি আগামী সভার পূর্বে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রকৌশলী, কাউনিয়া, রংপুর। |
| ৪. | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, অফিসার ইনচার্জ কাউনিয়া থানা কাউনিয়া বাসষ্ট্যান্ডে অস্থায়ী ভিত্তিতে পুলিশ বক্স স্থাপনের জন্য অনুরোধ করেন। তিনি এ বিষয়ে কাউনিয়া বাসষ্ট্যান্ডে অস্থায়ী পুলিশ বক্স স্থাপনের জন্য রাজস্ব উন্নয়ন তহবিল হতে বরাদ্দ প্রদান করা যেতে পারে মর্মে সভায় পেশ করেন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে কাউনিয়া বাসষ্ট্যান্ডে (বর্তমান মাইক্রোবাস রাখা স্থান)অস্থায়ী ভিত্তিতে পুলিশ বক্স স্থাপনে উপজেলা প্রকৌশলী প্রাক্কলণ প্রস্তুত করে আগামী সভায় উপস্থাপন করবেন। সভায় উপজেলা উন্নয়ন রাজস্ব তহবিল হতে অর্থ বরাদ্দের সিদ্ধান্ত গৃহীত হবে। | উপজেলা নির্বাহী অফিসার প্রকৌশলী, অফিসার ও ইনচার্জ কাউনিয়া, রংপুর। |

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর ও সভাপতি উপজেলা পরিষদ মাসিক সমন্বয় সভা কাউনিয়া, রংপুর অদ্যকার সভায় আলোচ্য বিষয় উপর আলোচনা করেন। বলেন যে, জনপ্রতিনিধিগণ সভায় যে বিষয়গুলি উপর আলোচনা করেন। সেবিষয়ের উপর সর্বাত্বক গুরুত্ব দেয়ার জন্য সকল বিভাগীয় কর্মকর্তাগণকে দিক নির্দেশনা প্রদান করেন। তিনি বলেন বর্তমান সরকার জনবান্দব সরকার, সরকার জনগণের সুবিধার্থে যথেষ্ঠ বরাদ্দ প্রদান করছেন । সরকারিভাবে যে বিরাদ্দ বিভিন্ন দপ্তরে আসে সেগুলি সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সংশিষ্ট সকলকে অনুরোধ করেন। সরকারী বিধি-বিধান অনুসরণ করে উন্নয়ন মূলক কর্মকান্ডে সকল জনপ্রতিনিধি বিভাগীয় কর্মকর্তাকে একসাথে আলোচনার মাধ্যমে কাজ করার পরামর্শ প্রদান করেন। এছাড়া সকল জনপ্রতিনিধি ও বিভাগীয় কর্মকর্তাগণকে উন্নয়নমূলক কার্যক্রম সমূহ উপজেলা পরিষদের (কার্যক্রম বাস্তবায়ন)বিধিমালা আলোকে সভায় উপস্থাপন করার অনুরোধ জানিয়ে সভায় আর কোন আলোচনা না থাকায় সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৫/৯/২৩

(আনোয়ারুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা কমিটি
কাউনিয়া, রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাউনিয়া, রংপুর।
www.kaunia.rangpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৮৫৪২.০০৪.০২.০০৮.২০- ৮২০ তারিখঃ ০৫/১০/২০২৫খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ২২ রংপুর-৪(কাউনিয়া-পীরগাছা)।
২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রি পরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৫। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৬। জেলা প্রশাসক, রংপুর।
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর।
৮। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর।
৯। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর।
১০। মেয়র,হারাগাছ পৌরসভা, হারাগাছ কাউনিয়া, রংপুর।
১১। চেয়ারম্যান, ........................................ (সকল), ইউ,পি কাউনিয়া, রংপুর।
১২। উপজেলা ........................................ অফিসার, কাউনিয়া, রংপুর।
১৩। অফিস কপি।

০৫/১০/২৫
(মো: মহিদুল হক)
উপজেলা নির্বাহী অফিসার
কাউনিয়া, রংপুর।
ফোন- ০৫২২৪-৫৬০০১
unokaunia@mopa.gov.bd